

# একাদশ শ্রেণিতে ভর্তির আবেদন শুরু হবে, বিকেলে জানা যাবে

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ২৪ জুলাই ২০২৫, ১৪:০৭



ফাইল ছবি

চলতি ২০২৫-২৬ শিক্ষাবর্ষে কলেজে একাদশ শ্রেণিতে ভর্তির অনলাইন আবেদন প্রক্রিয়া কবে থেকে শুরু হবে, তা নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত আসতে পারে বৃহস্পতিবার।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানিয়েছে, বৃহস্পতিবার (২৪ জুলাই) বিকেলে ‘একাদশ শ্রেণিতে ভর্তি নীতিমালা-২০২৫’ চূড়ান্ত করতে বৈঠকে বসছে শিক্ষা মন্ত্রণালয়। বৈঠকে নীতিমালার খসড়া অনুমোদন দেওয়া হলে অনলাইন আবেদন শুরুর তারিখ জানিয়ে দেওয়া হবে।

ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক অধ্যাপক মো. রিজাউল হক বলেন, আমরা মন্ত্রণালয়ের সঙ্গে যোগাযোগ করেছি। খুব দ্রুতই তারা আমাদের সিদ্ধান্ত জানাবে। আশা করছি, আজ বিকেলে জানতে পারবো কবে থেকে আবেদন শুরু হবে। অনুমোদন পেলে আমরা নীতিমালা ও বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশ করবো।

এর আগে গত সোমবার (২১ জুলাই) বিকেলে কলেজে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা চূড়ান্ত করতে বৈঠক ডাকা হয়েছিল। তবে মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে যুদ্ধবিমান বিধ্বস্তের ঘটনায় সেদিন বৈঠক হয়নি। এ কারণে ভর্তির আবেদন শুরুর সম্ভাব্য সময়সীমায়ও পরিবর্তন আসছে। এদিকে, খসড়া নীতিমালা থেকে জানা যায়, চলতি শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির তিন ধাপে আবেদন নেওয়া হবে। অনলাইন আবেদন ফি বাড়তে পারে।

খসড়া নীতিমালায় এ বছর ফি নির্ধারণ করা হয়েছে ২২০ টাকা। গত শিক্ষাবর্ষে আবেদন ফি ছিল ১৫০ টাকা। সে হিসাবে এবার ফি বাড়ছে ৭০ টাকা।

তবে চূড়ান্ত নীতিমালায় ফি বাড়ানোর বিষয়টি বিবেচনা করা হতে পারে বলে জানিয়েছেন শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তারা।

